23 SEP 1993
তারিখ 23 SEP 1993
পৃষ্ঠা 7 কলাম 2

আজকের কাগজ

সর্বদলীয় ছাত্রঐক্যের সমাবেশ।। ক্যাম্পাসে শিবিরের হামলার আশংকা

# কৃষি বিশ্ববিদ্যালয়ে শিবিরের রাজনীতি সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা

কৃষি বিশ্ববিদালয় (ময়মনসিংহ)ঃ সর্বদলীয় ছাত্রঐক্য কৃষি বিশ্ববিদালয়ে জামাত-শিবিরের রাজনীতি সম্পূর্ণভাবে নিষিদ্ধ ঘোষণা করেছে। গতকাল এক সমাবেশে এ নিষিদ্ধের ঘোষণা দেয়া হয়। গত ২০ সেপ্টেম্বর কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র সংগঠন একযোগে শিবিরের রাজনীতি নিষিদ্ধ ঘোষণার জন্যে সর্বদলীয় ছাত্রঐক্য গঠন করে। সেদিন রাতে শিবির কৃষি বিশ্ববিদ্যালয় সংলগ্ন আশপাশের গ্রাম এবং মসজিদসমূহে জনমত গঠন করার চেষ্টা করে। এক পর্যায়ে ক্যাম্পাসে খবর আসে শিবির হামলা করার চেষ্টা চালাতে পারে। ফলে ক্যাম্পাসে তীব্র উত্তেজনা সৃষ্টি হয় এবং হলে হলে শিবির কর্মিদেরকে সাধারণ ছাত্ররা খুঁজতে থাকে। এর প্রেক্ষিতে গতকাল কৃষি বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্রঐক্য এক সমাবেশের আহ্বান করে এবং সমাবেশে জামাত-শিবিরের সকল কর্মকান্ড নিষিদ্ধ ঘোষণা করে।

ঘোষণায় বলা হয়, "কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষা ও বিশ্ববিদ্যালয়ের সকলের নিরাপত্তার স্বার্থে জামাত-শিবিরের সর্বপ্রকার সাংগঠনিক কর্মকান্ড, মিছিল, সমাবেশ, পোস্টারিং, লিফলেটিং, ওয়ালিং মসজিদসহ অন্যত্র ঘরোয়া বৈঠক, কোচিং ও প্রতিনিধিত্বমূলক পর্যায়ে বৈঠক বন্ধ থাকবে।

জামাত-শিবিরের সর্বপ্রকার প্রকাশনা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল, মিলনায়তন, কেন্দ্রিয় লাইব্রেরি প্রভৃতি স্থানে রাখা যাবে না। বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ পদে জামাত পন্থী শিক্ষকদের নিয়োগ করা যাবে না। কোথাও কোনো অবস্থায় জামাত-শিবিরের কোনো কর্মি-নেতাকে কোনো ধরনের কার্যক্রম চালাতে দেখলে তা সর্বদলীয় ছাত্রঐক্যসহ সাধারণ ছাত্র বা তাৎক্ষণিকভাবে প্রতিরোধ করবে। বিশ্ববিদ্যালয়ের আশ-পাশের সাধারণ জনসাধারণকেও আহ্বান জানানো হয়, যাতে তারা কোনো জামাত বা শিবির কর্মিকে আশ্রয় না দেয়।

সমাবেশে বক্তব্য রাখেন, ছাত্রদল নেতা শামীমুজ্জামান ফিরোজ, ছাত্রদল সাধারণ সম্পাদক রবিউল আউয়াল হোসেন, ছাত্রমৈত্রী সভাপতি কায়েস শামীম পলাশ, ছাত্র ইউনিয়ন সাধারণ সম্পাদক জাকির হোসেন, ভারপ্রাপ্ত সভাপতি বশির আহমেদ, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সভাপতি নূরুল ইসলাম। উক্ত সভায় সভাপতিত্ব করেন ছাত্রদল কৃষি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাহদাৎ হোসেন চঞ্চল। সভা পরিচালনা করেন বাংলাদেশ ছাত্রলীগ (ম-ই) সাধারণ সম্পাদক আবু সাঈদ মোঃ কামাল (বাচ্চু)। সভায় ঘোষণাপত্র পাঠ করেন সভার সভাপতি।

বক্তারা বলেন, জামাত-শিবির এবার কৃষি বিশ্ববিদ্যালয় দখলের পরিকল্পনা করছে। সারাদেশের শিক্ষাঙ্গনে অব্যাহত সন্ত্রাস, স্বাধীনতা বিরোধী, মুক্তিযুদ্ধকে অস্বীকারকারী এ অপশক্তিকে কৃষি শিক্ষার এ উচ্চতর বিদ্যাপীঠে এই মুহূর্তে রুখতে না পারলে হয়তো এটাও চট্টগ্রাম, রাজশাহী বা ইসলামি বিশ্ববিদ্যালয়ের রূপ ধারণ করতে পারে। তাই আমরা এ অপশক্তির রাজনীতি এ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিষিদ্ধ ঘোষিত করছি।

এখানে উল্লেখ্য যে, ১৯৮৭ সালেও সর্বদলীয় ছাত্রঐক্য শিবিরের অশুভ তৎপরতা লক্ষ্য করে ক্যাম্পাসে জামাত-শিবিরের রাজনীতি নিষিদ্ধ করেছিলো। কৃষি বিশ্ববিদ্যালয় থেকে মোকাম্মেল হক।